



## কারিকুলাম ও সিলেবাস পরিবর্তনের উদ্যোগ নেওয়া হচ্ছে: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহছানুল হল মিলন। ছবি: সংগৃহীত

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন বলেছেন, শুধু জিপিএ-৫ নির্ভর প্রথাগত শিক্ষা দিয়ে আর এগোনো সম্ভব নয়। নতুন প্রজন্মকে আন্তর্জাতিক মানের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে শিক্ষা ব্যবস্থায় বড় ধরনের পরিবর্তন আনা হচ্ছে। এজন্য কারিকুলাম ও সিলেবাস সংস্কারের কাজ চলছে বলে জানান তিনি।

শনিবার (৯ মে) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ‘চায়না-বাংলাদেশ এডুকেশন সহযোগিতা ফোরাম-২০২৬’-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকাস্থ চীনা দূতাবাসের উদ্যোগে এবং চীন-বাংলাদেশ শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময় সমিতির ব্যবস্থাপনায় এ আয়োজন করা হয়।

তিনি বলেন, দেশের শিল্পখাত ও বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এখনো কার্যকর সমন্বয় গড়ে ওঠেনি। এই ঘটতি দূর করতে সরকার কাজ করছে, যাতে শিক্ষিত জনশক্তি সরাসরি কর্মসংস্থানের চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে।

মন্ত্রী আরও বলেন, মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সরকার পাঠ্যক্রম ও একাডেমিক কাঠামোতে পরিবর্তন আনছে। পাশাপাশি শিক্ষক প্রশিক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থাকেও আধুনিক করা হচ্ছে, যাতে শ্রেণিকক্ষভিত্তিক শেখার মান বাড়ে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা ড. মাহদী আমিন। এছাড়া শিক্ষা প্রশাসন ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শীর্ষ কর্মকর্তারাও অনুষ্ঠানে অংশ নেন।